

সাধারণ জনগণ ₹ 10 টাকা মূল্যমানের মুদ্রা আইনগতভাবে পেশযোগ্যত মুদ্রা হিসাবে গ্রহণ করা বজায় রাখতে পারেন : আর বি আই

ভারতীয় রিজার্ভ ব্যাংক ভারত সরকার দ্বারা মুদ্রিত মুদ্রা বন্টন করে। এই মুদ্রাগুলির স্বতন্ত্র গঠন বৈশিষ্ট্য আছে। বিভিন্ন সময়ে সাধারণ জনগণের লেনদেনে সুবিধার জন্য নতুন মূল্যমানের মুদ্রা এবং দেশের আর্থিক বিকাশ, সামাজিক এবং সাংস্কৃতিক বৈশিষ্ট্যকে তুলে ধরার উদ্দেশ্যে নতুন নকশার মুদ্রা জারি করা হয়। যেহেতু মুদ্রাগুলি দীর্ঘদিন প্রচলনে থাকে, বিভিন্ন নকশার, এমনকি, বিভিন্ন আকৃতির মুদ্রা একই সঙ্গে বাজারে চালু থাকে। 2011 সালে টাকার চিহ্ন বিশিষ্ট মুদ্রার প্রচলন এই রকম একটি পরিবর্তন। এর একটি উদাহরণ হল টাকার চিহ্ন যুক্ত এবং টাকার চিহ্ন বিহীন ₹ 10 টাকা মূল্যমানের মুদ্রার একই সঙ্গে প্রচলিত থাকা। যদিও এগুলি দেখতে ভিন্ন প্রকারের, উভয় ধরনের মুদ্রাই আইনগতভাবে পেশযোগ্য এবং লেনদেনের ক্ষেত্রে একই অর্থবাহী।

সংবাদ পাওয়া গিয়েছে যে, কিছু ব্যক্তি অজ্ঞানতা বশত: বা তথ্যহীনতা বশত: এই মুদ্রাগুলির বিশুদ্ধতা সম্বন্ধে সন্দেহান হয়ে পড়েছেন এবং ব্যবসায়ী, দোকানদার ইত্যাদির এবং সাধারণ মানুষের মনে সন্দেহের সৃষ্টি করছেন যা দেশের কিছু কিছু অঞ্চলে এই মুদ্রাগুলির প্রচলনে বাধা সৃষ্টি করছে, ফলে, এড়িয়ে যাওয়া যেত, এমন বিভ্রান্তি তৈরি হচ্ছে।

ভারতীয় রিজার্ভ ব্যাংক সাধারণ জনগণের উদ্দেশ্যে জানাচ্ছে যে তাঁরা যেন এই ভিত্তিহীন ধারণাতে বিশ্বাস না করেন এবং তা সম্পূর্ণ উপেক্ষা করে নি:সন্দেহে এই মুদ্রাগুলিকে সমস্ত লেনদেনের জন্য, আইনগতভাবে পেশযোগ্য, বিশ্বাসে গ্রহণ করেন এবং তাঁদের লেনদেন বজায় রাখেন।

এই মুদ্রাগুলির সম্পর্কে আরও জানার জন্য অনুগ্রহ করে নিম্নলিখিত মাধ্যমে সন্ধান করুন:

https://www.rbi.org.in/Scripts/BS_PressReleaseDisplay.aspx

জুন 22, 2016	আর বি আই শীঘ্র “স্বামী চিঞ্জয়ানন্দের জন্ম শতবর্ষ” উদযাপনে ₹ 10 টাকা মূল্যের মুদ্রা জারি করবে
জানুয়ারী 28, 2016	“ডি.বি. আর. আশ্বকর 125তম জন্মবার্ষিকী” উদযাপন উপলক্ষে ₹ 10 টাকা মূল্যের মুদ্রা প্রকাশ
জুলাই 30, 2015	“আন্তর্জাতিক যোগ দিবস” উদযাপন উপলক্ষে ₹ 10 টাকা মূল্যের মুদ্রা প্রকাশ
এপ্রিল 16, 2015	“দক্ষিণ আফ্রিকা থেকে মহাত্মা গান্ধীর প্রত্যাবর্তন শতবর্ষ” উদযাপন উপলক্ষে ₹ 10 টাকা মূল্যের মুদ্রা প্রকাশ
জুলাই 17, 2014	“কয়র বোর্ড (Coir Board)-এর ষাট বছর পূর্তি” উদযাপন উপলক্ষে ₹ 10 টাকা মূল্যের মুদ্রা প্রকাশ
আগস্ট 29, 2013	“শ্রী মাতা বৈষ্ণব দেবী মন্দির পরিষদের পঁচিশ বছর পূর্তি” উদযাপন উপলক্ষে ₹ 10 টাকা মূল্যের মুদ্রা প্রকাশ
জুন 14, 2012	“ভারতীয় সংসদের ষাট বছর পূর্তি” উদযাপন উপলক্ষে ₹ 10 টাকা মূল্যের মুদ্রা প্রকাশ
জুলাই 22, 2011	নতুন সারণির মুদ্রা প্রকাশ
এপ্রিল 01, 2010	প্রধান মন্ত্রী প্রকাশ করলেন উদযাপন মুদ্রা সেট ; অর্থ মন্ত্রী প্রকাশ করলেন “মিন্ট রোড মাইলস্টোন” : আর বি আই-এর 75 বর্ষ
ফেব্রুয়ারী 11, 2010	“হোমী ভাবা জন্ম শতবার্ষিকী বর্ষ” উপলক্ষে ₹ 10 টাকা মূল্যের নতুন প্রচলিত মুদ্রার উদযাপন মুদ্রা জারি করণ
মার্চ 26, 2009	“বিবিধের মাঝে ঐক্য” শিরোনামে নতুন (দ্বিধাতব) ₹ 10 টাকা মূল্যের মুদ্রা প্রকাশ
মার্চ 26, 2009	“ সংযোগ এবং তথ্য প্রযুক্তি “ শিরোনামে নতুন (দ্বিধাতব) ₹ 10 টাকা মূল্যের মুদ্রা প্রকাশ

অল্পনা কিল্লাওয়াল

মুখ্য উপদেষ্টা (প্রিন্সিপাল অ্যাডভাইসার)

প্রেস প্রকাশনী : 2016-2017/1257